বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৬/৩১১ তারিখ ঃ ১৭ নভেম্বর ২০২৬

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ নিম্নতম মজুরির হার নির্ধারণের লক্ষ্যে নিম্নতম মজুরি বোর্ডের ৩য় সভার তারিখ ঘোষনা প্রসঙ্গে।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নতম মজুরি নির্ধারণের লক্ষ্যে নিম্নতম মজুরি বোর্ডের ৩য় সভা আগামী ২৩/১১/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ সকাল ১১ঃ৩০ ঘটিকায় নিম্নতম মজুরি বোর্ডের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

আপনাদের অবগতির জন্য নিম্নতম মজুরি বোর্ডের ৩য় সভার নোটিশের কপি এতদসংঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নিম্নতম মজুরী বোর্ড
শিল্প শাখা
৪০, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.mwb.gov.bd

নম্বর: ৪০.০৪.০০০০.০০০.০০২.৩৬.০০০৮.২৬.২২৫

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সভার নোটিশ

বিষয়: **'গার্মেন্টস' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হার নির্ধারণে সুপারিশ প্রণয়ন সম্পর্কিত নিম্নতম মজুরী বোর্ডের ৩য় সভা।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক 'গার্মেন্টস' শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হার নির্ধারণে সুপারিশ প্রণয়ন সম্পর্কিত বোর্ডের **৩য় সভা আগামী ২৩/১১/২০২৬ খ্রিস্টাব্দ সোমবার পূর্বাহ্ন ১১:৩০ ঘটিকায়** বোর্ডের চেয়ারম্যান, জনাব সৈয়দ আজাদ সুবহানী (জেলা ও দায়রা জজ), মহোদয়ের সভাপতিত্বে, বোর্ডের সভাকক্ষে **[শাহ পোরশিয়া (চতুর্দশ তলা), ৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০**) অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় বোর্ডের সম্মানীয় সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১। 'গার্মেন্টস' শিল্পের মালিকপক্ষের প্রতিনিধি কর্তৃক মজুরি হারের লিখিত প্রস্তাব দাখিলকরণ এবং
২। "গার্মেন্টস শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হার নির্ধারণে সুপারিশ প্রণয়ন সম্পর্কিত আলোচনা।

১৭-১১-২০২৬
রাইসা আফরোজ
সচিব
ফোন : ০২২২৬৬৬৫০৮৫
ইমেইল : chairman_mwbdhaka@yahoo.com

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব ড. মোসলেহ উদ্দিন আহমদ, প্রফেসর, লোকপ্রশাসন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা- নিরপেক্ষ সদস্য, নিম্নতম ম জুরী বোর্ড।।
২। জনাব আসিফ আইয়ুব, যুগ্ম-মহাসচিব, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন চেম্বার বিল্ডিং (৫ম তলা) ১২২-১২৪, মতিঝিল, ঢা কা-১০০০- মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।
৩। জনাব আনোয়ার হোসাইন, সভাপতি, বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল (রেজি: নং- বাজাফে-০৭), ২৮/১, নয়াপল্টন (৫ম তলা) ঢাকা- শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।
৪। জনাব এবিএম সামছুদ্দিন, পরিচালক, বিজিএমইএ- "গার্মেন্টস" শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম ম জুরী বোর্ড, (বোর্ডের ২য় সভায় মজুরি প্রস্তাব দাখিলের অনুরোধসহ)।

৫। জনাব বাবুল আখতার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ গার্মেন্টস এন্ড ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক ফেডারেশন (বিজিআইডাব্লিউএফ) - "গার্মেন্টস" শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।

৬। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

৮। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০;, .।

১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রমনা মডেল থানা, রমনা, ঢাকা (সভা আরম্ভের দিন বোর্ডের চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ) ও সম্মা নিত সদস্যগণসহ কর্মকর্তা-কর্মচারীগণের নিরাপত্তা প্রদানের ব্যবস্থাকরণের অনুরোধসহ)।

১১। সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড (চেয়ারম্যান মহোদয়কে অবহিতকর ণের অনুরোধসহ)।

১২। হিসাব রক্ষক, হিসাব শাখা, নিম্নতম মজুরী বোর্ড (আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধস হ)।

১৩। অফিস কপি।